

জিপিএ-৫ ২২২৯ জন

রাজশাহী বোর্ডে পাসের

হার ৭০.৪৭ ভাগ

সেরা রাজশাহী নিউ গভ: ডিগ্রী কলেজ

রাজশাহী অফিস

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ফলাফল প্রকাশিত হয়েছে। পাসের হার ৭০ দশমিক ৪৭ ভাগ। গতকাল দুপুরে বোর্ড কার্যালয়ে সংবাদ সম্মেলনের মধ্য দিয়ে ফলাফল ঘোষণা করা হয়। এবার পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭৪ হাজার ২৭৪ জন। এর মধ্যে বিজ্ঞান বিভাগে ১৬ হাজার ১৮৭ জন, মানবিক বিভাগে ৪২ হাজার ৭৭৭ জন ও বাণিজ্য বিভাগে ১৫ হাজার ৩১০ জন। এবার ছেলেদের তুলনায় মেয়েরা ভাল করেছে। ছেলেদের পাসের হার ৬৯ দশমিক ৮৩ ও মেয়েদের ৭৪.১২ ক ৪৬

রাজশাহী বোর্ডে পাসের

১৬-এর পূর্বার পর  
পাসের হার ৭১ দশমিক ২৫। সার্বিকভাবে গতবারের তুলনায় এবার পাসের হার কমেছে এক দশমিক চার ভাগ। গতবারের চেয়ে এবার জিপিএ-৫ পাওয়া ছাত্রছাত্রীর সংখ্যা কমেছে। গতবার জিপিএ-৫ পেয়েছিল ৩৩৯৯ জন আর এবার পেয়েছে ২২২৯ জন। এর মধ্যে ছাত্র ১৬১৪ জন আর ছাত্রী ৯১৫ জন। গতবার জিপিএ-৫ পাওয়া কলেজের সংখ্যা ছিল ৩১৪টি আর এবার পেয়েছে ২৪৯টি কলেজ। শূন্য ফলাফলপ্রাপ্ত কলেজের সংখ্যা কমে দাঁড়িয়েছে চার। নব্বল প্রতিরোধ হওয়ায় বহিষ্কার হয়েছে ৪৪ জন। গতবার হয়েছিল ১৩৩ জন। একশ' ভাগ পাসের কলেজ সংখ্যা মাত্র ৬টি। গতবার ছিল ১৩টি। পরীক্ষার অংশ নেয়া কলেজের সংখ্যা ছিল ৬৩৫। অর্থাৎ গতবার কলেজের সংখ্যা ছিল ১১১৬। ফলে গতবারের চেয়ে পরীক্ষার্থীর সংখ্যাও কমেছে। অবশ্য কলেজের সংখ্যা কমা প্রসঙ্গে জানানো হয় রাজশাহী শিক্ষা বোর্ড ভাগ হয়ে দিনাজপুর বোর্ড হওয়ায় মূল কারণ। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ মোয়াজ্জেম হোসেন, কলেজ পরিদর্শক আমদুর রউফ, তানভিরুল আহমেদ প্রমুখ।

সেরা দশ কলেজ

রাজশাহী শিক্ষা বোর্ডের সেরা দশ কলেজ হল পাবনা ক্যাডেট কলেজ। ৪৮ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই পাস করেছে জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের ৪৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪৪৬ জন। জিপিএ-৫ পেয়েছে ১৭৫। আর্মড ব্যাটেলিয়ন পাবলিক স্কুল এন্ড কলেজের বগুড়ার পরীক্ষায় অংশ নেয় ২৫৪ জন। পাস করেছে ২৫০ জন। জিপিএ-৫ পেয়েছে ৫ জন। নাটোর কান্দিরাবাদ ক্যান্টনমেন্ট আপার কলেজ থেকে পরীক্ষায় অংশ নেয় ২৬৮ জন। পাস করেছে ২৬৩ জন। জিপিএ-৫ পেয়েছে ৪৬ জন। উদ্বাপাড়া বিজ্ঞান কলেজের পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৩৩ জন। পাস করেছে ৪২৪ জন। জিপিএ-৫ পেয়েছে ৫৮ জন। পাবনা কলেজ হেব্রা একাডেমী স্কুল এন্ড কলেজের পরীক্ষায় ছিল ১৪৩ জন। পাস করেছে ১২৮ জন। জিপিএ-৫ পেয়েছে ১১ জন। রাজশাহী নিউ গভঃ ডিগ্রী কলেজের পরীক্ষার্থী ছিল ১৩৯২ জন পাস করেছে ১২৩৯ জন আর জিপিএ-৫ পেয়েছে ৪৪১ জন। পাবনার ধানগড় গ্রাম কলেজের পরীক্ষার্থী ছিল ৮৭ জন। পাস করেছে ৮২ জন জিপিএ-৫ পেয়েছে ১ জন। রাজশাহী সরকারী সিটি কলেজের পরীক্ষার্থী সংখ্যা ছিল ১৩২৮ জন। পাস করেছে ১২৪৭ জন। জিপিএ-৫ পেয়েছে ১৪০ জন।